



## পদত্যাগ করলেন ইরানের জ্বালানিমন্ত্রী



ছবি: সংগৃহীত

ইরানের জ্বালানি মন্ত্রী মোহসেন পাকনেজাদ পদত্যাগ করেছেন। রোববার (৪ সেপ্টেম্বর) তাসনিম নিউজের বরাতে এ তথ্য জানিয়েছে আনাদোলু এজেন্সি। ইরানের প্রেসিডেন্ট কার্যালয়ের যোগাযোগ বিভাগের উপপ্রধান মেহদি তাবাতবাই জানান, প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান পাকনেজাদের পদত্যাগপত্র গ্রহণ করেছেন। মন্ত্রণালয়ের দায়িত্ব সামলাতে হামিদ বোভার্ডকে ভারপ্রাপ্ত জ্বালানিমন্ত্রী করা হয়েছে। তবে পাকনেজাদের পদত্যাগের কারণ জানানো হয়নি। হামিদ বোভার্ড এর আগে রাষ্ট্রীয় মালিকানাধীন ন্যাশনাল ইরানিয়ান অয়েল কোম্পানির প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তার কর্মজীবনের বড় অংশই তেলক্ষেত্র পরিচালনার সঙ্গে যুক্ত। এর আগে শনিবার মার্কিন অর্থমন্ত্রী স্কট বেসেন্ট দাবি করেন, সমুদ্রে ইরানের আর কোনো তেলের চালান অবশিষ্ট নেই। ফলে চলতি সপ্তাহে ইরান তেল বিক্রি করে কোনো রাজস্ব আয় করতে পারবে না বলেও মন্তব্য করেন তিনি।